

Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের Standing Committee এর সভাপতি হিসেবে ডেপুটি গভর্নর জনাব এ.কে.এম সাজেদুর রহমান খান এর দায়িত্ব গ্রহণ ও কমিটির ১০ম (দশম)সভা অনুষ্ঠিত।



সমাজের সুবিধা বঞ্চিত ও বেকার তরুণ তরুণীদের বৃত্তিমূলক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাস্তবায়নাধীন SEIP প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাপূর্বক সার্বিক সহযোগিতা প্রদানের উদ্দেশ্যে গঠিত Standing Committee এর সভাপতি হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন ডেপুটি গভর্নর জনাব এ.কে.এম সাজেদুর রহমান খান। কমিটি'র নব দায়িত্বভার প্রাপ্ত সভাপতি মহোদয়কে ০২.০২.২০২১ তারিখে সম্মাননা স্মারক দিয়ে বরণ করেন নির্বাহী পরিচালক জনাব আবু ফরাহ মোঃ নাছেরসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ। এ সময় কমিটির অন্যান্য সদস্যবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক সর্ব জনাব নুরুল নাহার, মোঃ জামাল মোল্লা, বিবিটিএর প্রিন্সিপ্যাল (ভারপ্রাপ্ত) জনাব এ.বি.এম. সাদেক, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের মহাব্যবস্থাপক জনাব হুসনে আরা শিখা, প্রকল্পের চীফ প্রজেক্ট কো-অর্ডিনেটর জনাব মোঃ আরিফুজ্জামান ও প্রকল্প ইউনিটের কর্মকর্তাবৃন্দ। ডেপুটি গভর্নর মহোদয়ের সভাপতিত্বে কমিটির দশম সভা অনুষ্ঠিত হয়। সভায় যুগ্ম-পরিচালক জনাব মু. জাহিদ ইকবাল প্রকল্পের সার্বিক কার্যক্রমের উপর একটি Power Point Presentation উপস্থাপন করেন। উল্লেখ্য, SEIP প্রকল্পের Tranche-1 এ মোট ১১,৪৮৪ জনকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ১১,২৪৬ জনকে দক্ষ হিসেবে সনদ প্রদান করা হয় এবং ৮,৪৫৯ জনের কর্মসংস্থানের ব্যবস্থা করা হয় যা সনদপ্রাপ্ত প্রশিক্ষণার্থীর প্রায় ৭৫.২২%। কর্মসংস্থান সৃজন ও অর্থনীতির প্রবৃদ্ধির ধারা বজায় রাখার স্বার্থে প্রকল্পের Tranche-3 এ তফসিলি ব্যাংকের সহায়তায় শুধুমাত্র উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ আয়োজনের তথ্য উল্লেখপূর্বক বিশদ কর্মপরিকল্পনা উপস্থাপন করা হয়। সভাপতি মহোদয় প্রকল্প ইউনিটের সার্বিক কার্যক্রমের ভূয়সী প্রশংসা করে সভার কার্যক্রম সমাপ্ত করেন।